(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-০৩ শাখা
৪/৩ আব্দুল গণি রোড, ঢাকা
www.mor.gov.bd

AO / Programmer
GEMS-এ Entry দিন
২৪/১২

নম্বর- ৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০৩.২৪-৩৯

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

## প্রজ্ঞাপন

**যেহেতু** জনাব মোঃ তাকি আল যাওয়াদ, সাবেক বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (চ.দা.) (মূলপদ: সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৩(গ) অনুযায়ী পলায়ন (Desertion), এর অভিযোগে ০৩/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

**যেহেতু** উক্ত মামলার অভিযোগ তদন্তের নিমিত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

**যেহেতু** তদন্ত কর্মকর্তা অভিযোগের ভিত্তিতে প্রকাশ্যে ও গোপনে সাক্ষ্য-প্রমাণ, দাপ্তরিক নথিপত্র, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জবানবন্দি, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য, জেরা এবং মামলার সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনান্তে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেন যে, জনাব মোঃ তাকি আল যাওয়াদ-এর বিরুদ্ধে আনীত পলায়ন (Desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

**যেহেতু** তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ২(চ) অনুযায়ী রাষ্ট্রপক্ষ কর্তৃক আনীত "পলায়ন (Desertion)" অভিযোগ এবং বিধি ৩(গ) অনুযায়ী "পলায়নের দায়ে দোষী" অপরাধটি প্রমাণিত মর্মে মত প্রদান করা হয়েছে;

**যেহেতু** সরকার তদন্ত প্রতিবেদন, মামলার নথিপত্র এবং সংশ্লিষ্ট সকল বিষয় পর্যালোচনান্তে তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের সঙ্গে একমত পোষণ করে জনাব মোঃ তাকি আল যাওয়াদ-এর বিরুদ্ধে আনীত পলায়ন (Desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

**যেহেতু** সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি (৫)(ঘ) অনুযায়ী পলায়নের অপরাধে তিরস্কার ব্যতীত অন্য যে কোনো দণ্ড আরোপের বিধান রয়েছে; এবং

**সেহেতু** সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪(১)(ক) এর অধীন প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ তাকি আল যাওয়াদ, সাবেক বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (চ.দা.) (মূলপদ: সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী)-কে **প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ডে দন্ডিত করা হলো।** দণ্ডাদেশ কার্যকর থাকাকালীন ০২ (দুই) বছর মেয়াদে তিনি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ও বেতন-সংক্রান্ত কোনো আর্থিক সুবিধা লাভের জন্য বিবেচিত হবেন না। "দণ্ডের নির্ধারিত মেয়াদ অতিবাহিত হওয়ার পর কোনো পৃথক আদেশ ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মকর্তা পূর্বের ন্যায় চাকরিগত সুবিধা প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭/০৬/২০২৬

(মো: ফাহিমুল ইসলাম)
সচিব
রেলপথ মন্ত্রণালয়।

[পূর্ববর্তী পৃষ্ঠা পর হতে]

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

নম্বর- ৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০৩.২৪-৩৯/১(১৩)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১.০। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.০। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.০। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪.০। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫.০। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৬.০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭.০। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৮.০। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। ঢাকা।
৯.০। উপসচিব (প্রশাসন ১/৫), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০.০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [(পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর (কক্ষ নং-৬২৮, ৬ষ্ঠ তলা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
১১.০। জনাব মোঃ তাকি আল যাওয়াদ, সাবেক বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (চ.দা.) (মূলপদ: সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী)।
১২.০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩.০। অফিস/মাস্টার কপি।

২১/০৬/২৬
(সুফল চন্দ্র গোলদার)
সিনিয়র সহকারী সচিব
রেলপথ মন্ত্রণালয়